তারিখ 30 SEP 2016
পৃষ্ঠা ... ... ... কলাম ... ... ...

দৈনিক জনকণ্ঠ

# হাওড়াঞ্চলে শিক্ষার গুণগত মানোন্নয়ন করতে হবে ॥ রাষ্ট্রপতি

**নিজস্ব সংবাদদাতা, কিশোরগঞ্জ, ২৯ সেপ্টেম্বর ॥** রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেছেন, হাওড়াঞ্চলের সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার গুণগত মানোন্নয়ন করতে হবে। তাছাড়া শিক্ষার্থীদের জ্ঞানলাভে পাঠদানে শিক্ষকদের আরও বেশি মনোযোগী হতে হবে। এ জন্য সংশ্লিষ্টদের কার্যকরী প্রদক্ষেপ গ্রহণের জন্য আহ্বান জানান তিনি। বৃহস্পতিবার বিকেলে রাষ্ট্রপতি নিজ জন্মভূমি জেলার হাওড় অধ্যুষিত মিঠামইন সদরে অবস্থিত মুক্তিযোদ্ধা আবদুল হক কলেজের ২৫ বছর পূর্তি (রজত জয়ন্তী) অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। এ সময় রাষ্ট্রপতি নিজের শিক্ষাজীবনের কথা উল্লেখ করে শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, জীবনে উন্নতি লাভ করতে হলে পড়াশুনার বিকল্প নেই। আর তাই তোমাদের বিদ্যাবুদ্ধিতে ভাল শিক্ষা গ্রহণ করতে হবে।

কলেজের ম্যানেজিং কমিটির সভাপতি রাষ্ট্রপতির জ্যেষ্ঠপুত্র স্থানীয় সংসদ সদস্য রেজওয়ান আহাম্মেদ তৌফিকের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তৃতা করেন মিঠামইন কলেজের অধ্যক্ষ আবদুল হক নুরু, মিঠামইন সদর ইউপি চেয়ারম্যান এ্যাডভোকেট শরীফ কামাল প্রমুখ। এ সময় কিশোরগঞ্জ-২ আসনের সংসদ সদস্য সোহরাব উদ্দিন, কিশোরগঞ্জ-৪ আসনের সংসদ সদস্য আফজাল হোসেন, রাষ্ট্রপতির সামরিক সচিব মেজর জেনারেল আবুল হোসেন ও রাষ্ট্রপতির একান্ত সচিব সম্পদ বড়ুয়াসহ জেলা প্রশাসনের বিভিন্ন পর্যায়ের উর্ধতন সরকারী কর্মকর্তা এবং জনপ্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

হাওড়ের জীবনমান সম্পর্কে রাষ্ট্রপতি বলেন, হাওড়াঞ্চলে বছরে ৬ মাস পানি থাকে। এ সময় এ অঞ্চলের মানুষের কাজ থাকে না। হাওড়ের একমাত্র বোরো ফসল উৎপাদন করে তাদের জীবন সংগ্রাম চালাতে হয়। এছাড়া প্রাকৃতিক দুর্যোগের কারণে অনেক কৃষকের ফসলহানি হয়ে থাকে। আর তাই হাওড়াঞ্চলের জীবনমান উন্নতকল্পে জনপ্রতিনিধিদের এগিয়ে আসতে হবে। এ সময় বক্তৃতায় রাষ্ট্রপতি রাজনীতি করে রাষ্ট্রপ্রধান হতে পেরে এলাকাবাসীর কাছে কৃতজ্ঞতা প্রকাশ করেন। এরআগে রাষ্ট্রপতি আবদুল হামিদ দুপুর ১২টা ৪০ মিনিটে ঢাকা থেকে হেলিকপ্টারে করে মিঠামইন উপজেলা হ্যালিপ্যাডে অবতরণ করেন। পরে রাষ্ট্রপতিকে উপজেলা ডাকবাংলো প্রাঙ্গণে গার্ড অব অনার দেয়া হয়। বিকেলে রজত জয়ন্তী অনুষ্ঠান শেষে রাষ্ট্রপতি মিঠামইন উপজেলার কামালপুর গ্রামের নিজ বাড়িতে রাত্রিযাপন করেন।